যখন আল্লাহ কিয়ামতের দিন প্রথম ও শেষ সকলকে একত্রিত করবেন, তখন প্রতিটি বিশ্বাসঘাতকের জন্য একটি পতাকা উত্তোলন করা হবে এবং বলা হবে: 'এটি অমুকের পুত্র অমুকের বিশ্বাসঘাতকতা।'

ইবনু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "যখন আল্লাহ কিয়ামতের দিন প্রথম ও শেষ সকলকে একত্রিত
করবেন, তখন প্রতিটি বিশ্বাসঘাতকের জন্য একটি পতাকা উত্তোলন করা হবে এবং বলা হবে:
'এটি অমুকের পুত্র অমুকের বিশ্বাসঘাতকতা।'" [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আমাদের জানান যে, যখন আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন প্রথম ও শেষ সকলকে হিসাব গ্রহণের জন্য একত্রিত করবেন, তখন তিনি প্রতিটি বিশ্বাসঘাতকের জন্য একটি নিদর্শন স্থাপন করবেন যারা আল্লাহর সাথে বা মানুষের সাথে করা তার প্রতিশ্রুতি পূরণ করেনি, যা তার বিশ্বাসঘাতকতা প্রকাশ করবে এবং সেই দিন তাকে ডাকা হবে: এটা অমুক ব্যক্তির বিশ্বাসঘাতকতা; সমবেত লোকদের কাছে তার খারাপ কাজগুলো প্রকাশের জন্য।

https://sunnah.global/hadeeth/bn/show/2936